বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩

বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর
বিভাগীয় সদর দপ্তর, ৭ম তলা (উত্তর ইউনিট)
উত্তম, রংপুর

উপদেষ্টা



মৃনাল কান্তি বিশ্বাস
যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর।

সম্পাদনা পরিষদ



মুহাঃ শাহীনুর ইসলাম
উপনিবন্ধক (প্রশাসন)



মোঃ এহসানুল কবির
পরিদর্শক

সমন্বয়কারীগণ



মোঃ রেজাউল করিম
জেলা অডিটর



মোঃ নুরে আলম সিদ্দিকী
পরিদর্শক



মোঃ মন্জুর আলম
পরিদর্শক



মোছাঃ রোজিনা খাতুন
মহিলা পরিদর্শক



গোপাল চন্দ্র কর্মকার
প্রধান সহকারী

প্রচ্ছদ



মোঃ জালাল উদ্দিন খন্দকার ,
সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর

প্রকাশকাল

অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

প্রকাশনায়
বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর
বিভাগীয় সদর দপ্তর, বিভাগীয় কমপ্লেক্স
৭ম তলা (উত্তর ইউনিট), ডাকঘরঃ উত্তম, রংপুর-৫৪০০
www.coop.rangpurdiv.gov.bd,
jr_rangpur@yahoo.com
ফোনঃ ০২৫৮৮-৮১০৩৯৬



“আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপ্রেক্ষিতে গণমুখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।”

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ার কৌশল ছিল সমবায়।”

- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



সমবায় - সংগীত

-কাজী নজরুল ইসলাম

‘ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- ‘সমবায়, সমবায়!’
ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!
দারিদ্র্য, ঋণ, অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!
সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়
মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের জাঁতাকলে
এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছি আসি - রবে না জগতে প্রবলের অন্যায়।



“আমরা সমাজের অর্ধাঙ্গ, আমরা পড়িয়া থাকিলে সমাজ উঠিবে কীরূপ? কোনো ব্যক্তি এক পা বাঁধিয়া রাখিলে সে খোঁড়াইয়া খোঁড়াইয়া কতদূর চলিবে? পুরুষের স্বার্থ এবং আমাদের স্বার্থ ভিন্ন নহে। তাহাদের জীবনের উদ্দেশ্য বা লক্ষ্য যাহা আমাদের লক্ষ্য তাহাই।”

- বেগম রোকেয়া



আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পরমাণু বিজ্ঞানী প্রয়াত ড. ওয়াজেদ মিয়া

জন্ম : ১৬ ফেব্রুয়ারী ২০৪২ জন্মস্থানঃ রংপুর জেলার পীরগঞ্জ উপজেলা মৃত্যু : ০৯ মে ২০০৯

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

মুখবন্ধ

উদ্যোক্তা সৃষ্টি, কর্মসংস্থান সৃষ্টি, বেকারত্ব হ্রাস, দারিদ্র বিমোচনের লক্ষ্যে পঁয়ত্রিশটি আর্থিক ও সেবা খাতে সমবায় সমিতি গঠন করা হচ্ছে । এ সমস্ত সমবায় সমিতির সদস্যগণের সঞ্চয় সংগ্রহের মাধ্যমে পুজি গঠন, বিভিন্ন উৎপাদনমুখী কর্মকান্ডে বিনিয়োগ করা হচ্ছে । অর্জিত লাভ সদস্যদের মাঝে বন্টন করা হচ্ছে । সমবায় প্রতিষ্ঠানগুলির সক্ষমতাবৃদ্ধি করতে সমবায় সদস্যগণের দক্ষতা সৃষ্টি করতে বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ঋণ প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে।

স্বাধীনতা পরবর্তীকালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পবিত্র সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে সমবায়কে মালিকানার অন্যতম গুরুত্বপূর্ণ খাত হিসেবে স্বীকৃতি দেন। এরই ধারাবাহিকতায় জাতির পিতার সুযোগ্য উত্তরাধিকারী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ অষ্টম পঞ্চম বার্ষিকী পরিকল্পনা এবং জাতিসংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে সমবায় বিভাগ কাজ করছে।

রংপুর বিভাগে ৭৬২৪ টি সমবায় সমিতি এবং ১১১৪৫৬০ জন ব্যক্তি সদস্য রয়েছে। তাছাড়া রংপুর বিভাগের বিভিন্ন জেলায় মোট ৮০০ টি উৎপাদনমুখী সমবায় সমিতি গঠন করা হয়েছে। সমবায়ীদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। রংপুর বিভাগাধীন সমবায়ের মাধ্যমে সমাপ্ত ০৪ টি প্রকল্পের আবর্তক তহবিল হতে ঋণ কার্যক্রম চলমান রয়েছে । জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনা বাস্তবায়নের লক্ষ্যে “বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা” পাইলট শীর্ষক প্রকল্পের আওতায় রংপুর জেলার মিঠাপুকুর উপজেলার রতিয়া গ্রামে “” নামে সমিতি প্রতিষ্ঠিত করেছে। উক্ত প্রকল্পে ৩০০ জন সদস্যকে ২ কোটি টাকা ঋণ প্রদান করা হবে।

অর্থনীতির সকল খাতেই আজ সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে। জাতি গঠনমূলক সরকারি প্রতিষ্ঠান হিসাবে বিভাগীয় সমবায় কার্যালয়ের কার্যক্রম এ দেশের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশিত হতে যাচ্ছে। প্রতিবেদনটিতে বিভাগের সংগঠিত সমবায় সমিতিগুলোর সংখ্যা,ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানাত, গঠিত অন্যান্য তহবিল, ঋণ সংক্রান্ত তথ্য লভ্যাংশ বিতরণ ইত্যাদির চিত্র তুলে ধরা হয়েছে। প্রতিবেদনটি সরকারি নীতিনির্ধারক, গবেষক, সমবায় আন্দোলনের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গ, শিক্ষানুরাগীসহ সকল মহলের জন্য সহায়ক হবে বলে আমি মনে করি। বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

জয় বাংলা

মৃনাল কান্তি বিশ্বাস
যুগ্ম-নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।

সূচিপত্র

প্রারম্ভিকা

১ম অধ্যায় ১. বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর

১.১ সাংগঠনিক কাঠামো

১.২ বিভাগের জনবল

১.৩ রুপকল্প

১.৪ অভিলক্ষ্য

১.৫ কৌশলগত উদ্দেশ্য

১.৬ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ

১.৭ কার্যাবলী

২য় অধ্যায় ২. সাফল্য ও সম্ভাবনা

২.১ উল্লেখযোগ্য সাফল্য

২.২ সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

২.৩ ভবিষ্যৎ পরিকল্পনা

৩য় অধ্যায় ৩. ২০২৩- ২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা

৪র্থ অধ্যায় ৪. সমবায় সমিতি সংক্রান্ত তথ্য

৪.১ জেলাভিত্তিক কার্যকর ও অকার্যকর সমিতির সংখ্যা

৪.২ জেলাভিত্তিক সমিতির সদস্য সংখ্যা

৪.৩ জেলা ভিত্তিক সমিতির শেয়ার মুলধন, সঞ্চয় আমানত, কার্যকারী মুলধন, ঋণ বিতরণ ও আদায়

৪.৪ সমিতির লভ্যাংশ বিতরণ

৫ম অধ্যায় ৫. রাজস্ব আদায়

৫.১ নিরীক্ষা ফি

৫.২ নিবন্ধন ফি

৫.৩ অন্যান্য

৬ষ্ঠ অধ্যায় ৬. সমবায় উন্নয়ন তহবিল

৭ম অধ্যায় ৭.বিভাগীয় পর্যায়ে জাতীয় সমবায় পুরস্কার ২০২১ এর মনোনয়নের তালিকা

৭.১ রংপুর বিভাগাধীন জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তদের তালিকা

৮ম অধ্যায় ৮.প্রশিক্ষণ

৮.১ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট

৮.২ ভ্রাম্যমাণ প্রশিক্ষণ

৯ম অধ্যায় ৯. প্রকল্প

৯.১ “দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গংগাচড়া উপজেলায় ডেইরী সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ”শীর্ষক প্রকল্প

৯.২“উন্নতজাতের গাভীপালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্প

৯.৩ শক্তিশালীকরণ

৯.৪ ফ্যামিলি ওয়েলফেয়ার

৯.৫ আশ্রয়ণ প্রকল্প

১০ম অধ্যায় ১০. রংপুর বিভাগের সফল সমবায় সমিতি

১১ম অধ্যায় ১১. মডেল সমবায় সমিতির তালিকা

সাংগঠনিক কাঠামো


যুগ্ম নিবন্ধক
উপ নিবন্ধক (প্রশাসন)
উপ নিবন্ধক (বিচার, অডিট, আইন ও সমিতি)
জেলা সমবায় অফিসার-০৮
সহকারী নিবন্ধক (প্রশাসন)
সহকারী নিবন্ধক (অডিট, আইন ও সমিতি)
উপজেলা সমবায় অফিসার-৫৮
প্রধান সহকারী-০১
উচ্চমান সহকারী-০১
সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর-০১
হিসাব রক্ষক-০১
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-০২
গাড়ী চালক-০১
অফিস সহায়ক-০৫
নিরাপত্তা প্রহরী-০১
পরিচ্ছন্নতা কর্মী-০১
জেলা অডিটর-০১
পরিদর্শক-০৩
মহিলা পরিদর্শক-০১
মহিলা সহকারী পরিদর্শক-০১
সহকারী পরিদর্শক-০২
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-০১
অফিস সহায়ক-০১

বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুরসহ অত্র বিভাগাধীন ০৮টি জেলা সমবায় কার্যালয়, ৫৮টি উপজেলা সমবায় কার্যালয় এবং ১টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটের জনবল সম্পর্কিত তথ্যঃ

ক্রঃ নং	কার্যালয়ের নাম	মঞ্জুরীকৃত পদ	মোট কর্মরতপদ	মোট শূন্য পদ	মন্তব্য
১.	বিভাগীয় সমবায় কার্যালয়	২৫	১৯	৬	
২.	আঞ্চলিক সমবায় শিক্ষায়তন	১৩	৯	৪	
৩.	জেলা সমবায় কার্যালয়	২০৫	১৬৬	৪০	
৪.	উপজেলা সমবায় কার্যালয়	২৯০	২৪৭	৪৩	
	মোট	৫৩৩	৪৪০	৯৩	

রংপুর বিভাগের জেলাভিত্তিক জনবল সম্পর্কিত তথ্যঃ

জেলার নাম	মঞ্জুরীকৃত পদ			কর্মরত পদ			শূন্য পদ	
	জেলা সমবায় কার্যালয়	উপজেলা সমবায় কার্যালয়	মোট	জেলা সমবায় কার্যালয়	উপজেলা সমবায় কার্যালয়	মোট	জেলা সমবায় কার্যালয়	উপজেলা সমবায় কার্যালয়
রংপুর	৩২	৪০	৭২	২৮	৩৫	৬৩	৪	৫
কুড়িগ্রাম	২৯	৪৫	৭৪	২৫	৪১	৬৬	৪	৪
গাইবান্ধা	২৩	৩৫	৫৮	১৮	৩০	৪৮	৫	৫
লালমনিরহাট	২২	২৫	৪৭	১৮	২৪	৪২	৪	১
নীলফামারী	২৩	৩০	৫৩	১৭	২৬	৪৩	৬	৪
দিনাজপুর	৩২	৬৫	৯৭	২৭	৫২	৭৯	৫	১৩
ঠাকুরগাঁও	২২	২৫	৪৭	১৭	২০	৩৭	৫	৫
পঞ্চগড়	২২	২৫	৪৭	১৭	১৮	৩৫	৫	৭
মোট	২০৫	২৯০	৪৯৫	১৬৭	২৪৬	৪১৩	৩৮	৪৪

রংপুর বিভাগের শ্রেণিভিত্তিক জনবলের তথ্য :

ক্রমিক নম্বর	শ্রেণি	মঞ্জুরিকৃত পদ	কর্মরত পদ	শূন্যপদ	মন্তব্য
০১	প্রথম শ্রেণি	১৫	০৫	১০	
০২	দ্বিতীয় শ্রেণি	৬৬	৬৫	০১	
০৩	তৃতীয় শ্রেণি	৩১৯	২৫৯	৬০	
০৪	চতুর্থ শ্রেণি	১৩৩	১১১	২২	
	মোট	৫৩৩	৪৪০	৯৩	

বিভাগীয় সমবায় কার্যালয় রংপুর এর কর্মকর্তা-কর্মচারিদের টেলিফোন ডিরেক্টরি

ক্র: নং	নাম	পদবী	মোবাইল	মেইল
১	**মৃনাল কান্তি বিশ্বাস**	যুগ্মনিবন্ধক	০১৭১১-১০৮৬৬৯ ০১৯৫৮-০৬২০১৭	jr.rangpur@coop.gov.bd
২	মুহাঃ শাহীনুর ইসলাম	উপনিবন্ধক	০১৭৩১৩৩৯৩২৮	shahinur03@yahoo.com
৩	**মো. রেজাউল করিম**	জেলা নিরীক্ষক	০১৮১৯১৩৭৩১৭	mmrazaul@gmail.com
৪	মোঃ এহসানুল কবির	পরিদর্শক	০১৭১৭৪১৩৫০৬ ০১৮৪১৪৩৬৭৬০	ahosanulkabir81@gmail.com
৫	মোঃ নূরে আলম সিদ্দিকী	পরিদর্শক	০১৭১২২৭১২৯০	nure.coop2012@gmail.com
৬	মোঃ মঞ্জুর আলম	পরিদর্শক	০১৮১৪৯৩৩৪৯২	manjurcoop@gmail.com
৭	মোছাঃ রোজিনা খাতুন	মহিলা পরিদর্শক	০১৭৩৭৭৭৭০৪৯	rozinakhatun1980@yahoo.com
৮	গোপাল চন্দ্র কর্মকার	প্রধান সহকারী	০১৭১৮৯৬৯২৪৭	gopalkarmokar1974@gmail.com
৯	মোঃ রেজাউল করিম	উচ্চমান সহকারী	০১৭৩১৪৮১১৫৭	
১০	**মোঃ জালাল উদ্দিন খন্দকার**	সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	০১৭৩৮০২৩২৩৭	Mdjalal30884@gmail.com
১১	মোঃ রেজাউল হক	হিসাব রক্ষক	০১৭৫১৬১৭৪৯৫	rezaulhaquecoop@gmail.com
১২	মোছাঃ শাহানা সিরাজিয়া	অফিস সহকারী	০১৭৩৭১১৩৪৬০	sirazia1987@gmail.com
১৩	মোঃ সোহরাব হোসেন চৌধুরী	গাড়ী চালক	০১৭২১২১৬৯৮৫	sorabali679@gmail.com
১৪	মোঃ খায়রুল বারী	অফিস সহায়ক	০১৭২২৩০৬২৯৬	kbari1991@gmail.com
১৫	মোঃ মরতুজার রহমান	অফিস সহায়ক	০১৭৩৭০৮৪৯৭৬	mortuzer.rahman67@gmail.com
১৭	মোঃ শাহিন মিয়া	অফিস সহায়ক	০১৩১৫২৭০৫৩২	mdshahinmia868@gmail.com
১৮	মোঃ আসাদুল ইসলাম	নিরাপত্তা প্রহরী	০১৭২১২১৩৭৬১	asadulcoop@gmail.com

প্রারম্ভিকা

রংপুর বিভাগ সৃজন সংক্রান্ত বিগত ৯ মার্চ, ২০১০ খ্রিঃ তারিখের সরকারী প্রজ্ঞাপন জারীর মাধ্যমে ৩৪,৫১৩ বর্গ কি.মি. আয়তন বিশিষ্ট ১৬ টি জেলা ১২৪ টি উপজেলা ও একটি মেট্রো পলিটন থানার সমন্বয়ে গঠিত রাজশাহী বিভাগকে বিভক্ত করে বৃহত্তর রংপুর ও দিনাজপুর অঞ্চলের ৮টি জেলা (রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও এবং পঞ্চগড়) নিয়ে ১৬,৩২০ বর্গ কি.মি. আয়তন বিশিষ্ট রংপুর বিভাগের আত্ম প্রকাশ ঘটে। বাংলাদেশের সর্ব উত্তরে অবস্থিত এ বিভাগের পূর্বে ভারতের আসাম প্রদেশ এবং উত্তর পশ্চিমে ভারতের পশ্চিম বাংলা প্রদেশ আর দক্ষিণে রাজশাহী বিভাগের উত্তরের জেলা বগুড়া ও জয়পুরহাট। বক্ষ্রপুত্র, যমুনা, তিস্তা, সাঘাটা ও করতোয়া ইত্যাদি নদীর অববাহিকায় এ বিভাগের ৩৩ টি নির্বাচনী এলাকা, ৫৮টি উপজেলা এবং ৫৩৪ টি ইউনিয়ন অবস্থিত।

রংপুর বিভাগ সংক্রান্ত প্রজ্ঞাপন জারীর প্রায় ৪ মাস পর ১২ জুলাই/২০১০ খ্রিঃ তারিখে রংপুর বিভাগের প্রথম বিভাগীয় কমিশনার দায়িত্ব গ্রহণ করনে। পর্যায়ক্রমে অন্যান্য বিভাগীয় প্রধানগণ বিভাগীয় সদরে যোগদান করেন। এর ধারাবাহিকতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রাণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রজ্ঞাপন নং- ৪৭.০৩২.০১৫.০৬১.০০১.২০১১.১৪২/১(৪) তারিখ ৩১/০৩/২০১২ খ্রিঃ মূলে নব সৃষ্ট বিভাগীয় সমবায় দপ্তর, রংপুর এর সেট-আপ অনুমোদনসহ ৫টি বিসিএস (সমবায়) ক্যাডারের পদ স্থায়ীভাবে সৃজন ও ২০টি তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীর পদ অস্থায়ীভাবে সৃজনের সরকারী মঞ্জুরী প্রজ্ঞাপন করা হয়। এ প্রেক্ষিতে নবসৃষ্ট বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুরের কার্যক্রম শুরু করার জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে বিভাগীয় যুগ্ম নিবন্ধক সহ ২ জন উপ-নিবন্ধক এবং সমবায় অধিদপ্তর ঢাকা হতে ২০ জন তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীকে বদলী/ পদস্থের আদেশ দেয়া হয়। উক্ত আদেশের প্রেক্ষিতে বিগত ২২/০৩/২০১২ খ্রিঃ তারিখে যুগ্ম নিবন্ধক ও ২ জন উপনিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুরে যোগদান করেন এবং নবসৃষ্ট বিভাগীয় সমবায় কার্যালয় রংপুরে তাদের নিজ নিজ দায়িত্ব গ্রহণ করেন।

বিভাগীয় সমবায় কার্যালয় রংপুরের জন্য সুবধিাজনক স্থানে অফিস ভাড়া না পেয়ে সমবায় অধিদপ্তরের অনুমতির প্রেক্ষিতে আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট, রংপুরে অস্থায়ী অফিস হিসেবে বিভাগীয় সমবায় কার্যালয় রংপুর বিভাগের বিভাগীয় কার্যক্রম শুরু করা হয়। রংপুর শহরের রাধাবল্লভ এলাকায় অবস্থিত বাসা নং- ১৮৩, রোড নং-০৩, দ্বিতল ভবনের ১ম ও ২য় তলায় বিগত মে/২০১২ খ্রিঃ মাস হতে উক্ত ভাড়া বাড়ীতে বিভাগীয় সমবায় কার্যালয় রংপুরের কার্যক্রম স্থায়ীভাবে শুরু হয়।

বর্তমান রংপুর বিভাগে ৭৬২৪ টি সমবায় সমিতি এবং ১১১৪৫৬০ জন ব্যক্তি সদস্য রয়েছে। তাছাড়া রংপুর বিভাগের বিভিন্ন জেলায় মোট ৮০০ টি উৎপাদনমুখী সমবায় সমিতি গঠন করা হয়েছে। সমবায়ীদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। রংপুর বিভাগাধীন সমবায়ের মাধ্যমে সমাপ্ত ০৪ টি প্রকল্পের আবর্তক তহবিল হতে ৫৫,৭৪,৩২০০০/- টাকার ঋণ কার্যক্রম চলমান রয়েছে। উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পে ৩,০০০ জন সদস্যকে ৩৬,০০,০০,০০০.০০ টাকা ঋণ প্রদান করা হয়েছে। দুগ্ধ ও মাংস উদপাদনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গংগাচড়া ডেইরী সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পে ২,৭,৯৫ জন সদস্যকে ১৯,৫৬,৫০,০০০.০০ টাকা ঋণ প্রদান করা হয়েছে। পিছিয়ে থাকা নৃ-তাত্তিক জনগোষ্টিকে নিয়ে রংপুর বিভাগের রংপুর ও দিনাজপুর জেলায় সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র নৃ-তাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়ন প্রকল্পে ২০০০ জন সদস্যকে ২,৪২,২৫,১০০.০০ টাকা ঋণ প্রদান করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর গণমূখী সমবায় ভাবনা বাস্তবায়নের লক্ষ্যে “বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা” পাইলট শীর্ষক প্রকল্পের আওতায় রংপুর জেলার মিঠাপুকুর উপজেলার রতিয়া গ্রামে “বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতি লিঃ” নামে সমিতি প্রতিষ্ঠিত করেছে। উক্ত প্রকল্পে ৮০ জন সদস্যকে ৪০ লক্ষ টাকা ঋন প্রদান করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গৃহীত অগ্রাধিকার প্রকল্পের আওতায় রংপুর বিভাগাধীন ১৯১টি আশ্রয়ণ প্রকল্পে ১৯,০৪৪টি পরিবারকে আবাসন সুবিধাসহ তাদের মাঝে ১৯,৫৮,৮৮,৪৫০.০০ টাকা ঋণ প্রদান করা হয়েছে।

১ম অধ্যায়

১ বিভাগীয় সমবায় কার্যালয় রংপুর এর রূপকল্প , অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ রূপকল্প;

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য;

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ;

১.উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;
২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;
৩. মানসম্পন্ন ও নিরাপদ সমবায় পণ্য উৎপাদন ও প্রসার;
৪. দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।

১.৪ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ;

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
২.কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;

১.৫ কার্যাবলী;

১. সমবায়নীতিতে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;
২.সমবায় নিরীক্ষা, পরিদর্শন, ও তদারকির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা;
৩.সমবায় সদস্যবৃন্দকে প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং মূলধন সৃষ্টি ও আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র হ্রাস করা;
৪. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা;
৫. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে মূলধন সৃষ্টি এবং সমবায়ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা;
৬.সমবায়ভিত্তিক প্রকল্পের মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন;
৭. সমবায় পণ্য ব্র্যান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা;
৮. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা, উন্নয়ন কর্মসূচি এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা।

২য় অধ্যায়

২.১ উল্লেখযোগ্য সাফল্য

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর এর বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থবছরে মোট ১৩০১ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ২৬০২০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। ২১৭৫২ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ১৪৭২৫ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যেমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ১২১৯১ জনের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও 'রূপকল্প ২০২১', 'এসডিজি' অর্জন এবং ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ৬৪৪২ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা সম্ভব হয়েছে।

২.২ সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে রংপুর বিভাগের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে রংপুর বিভাগীয় সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ বিভাগে নিবন্ধিত সমবায় এর সংখ্যা ১৬২৮৬। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভাবে উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

৩.২ ভবিষ্যৎ পরিকল্পনা :

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত ২৩৫ টি সমবায় সমিতির অবসায়ন নিষ্পত্তি করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। সেজন্য নিবন্ধন বাতিল ও অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতিসমূহকে পুনকার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি উপজেলাভিত্তিক ৫৮ টি সমবায় সমিতি চিহ্নিত করে মডেল সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে বিভাগীয় সমবায় কার্যালয়ের সেবা সহজিকরণ এর আওতায় "সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটিতে সরকারী মনোনয়ন" প্রদান করা হবে। ৪০০ জন সমবায়ীকে ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ এবং ৪২৩০ জন সমবায়ীর আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠী ও মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়নে ও ক্ষমতায়নের জন্য প্রকল্প/কর্মসূচি গ্রহণে সমবায় অধিদপ্তরে প্রকল্প/কর্মসূচির প্রস্তাব প্রেরণ করা হবে।

বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুরের ২০২২-২৩ অর্থ বছরের উল্লেখযোগ্য কার্যক্রমঃ





২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি





১৫ আগস্ট জাতীয় শোক দিবস, ২০২২ উদযাপন করা হয়।





রংপুর জেলার মিঠাপুকুর উপজেলার “উন্নত জাতেরগাভীপালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্প পরিদর্শন



রংপুর কেন্দ্রীয় সমবায় ব্যাংক লি: এর নির্মানাধীন বহুতল ভবনের নকশা





জাতীয় সমবায় পুরস্কার ২০২২ এর বিভাগীয় নির্বাচন কমিটির সভার









২০২২-২৩ অর্থ বছরের বিভিন্ন সভা সেমিনার





বিভাগীয় সমবায় কার্যালয় রংপুর কর্তৃক আয়োজিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার মহোদয়





নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সাথে রংপুর বিভাগের কর্মকর্তাগণের সাথে মতবিনিময় সভা

২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা

ক্রঃ নং	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	বার্ষিক লক্ষ্যমাত্রা
০১	০২	০৩	০৪	০৫
১	**[১.১.১] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত**	**ক্রমপুঞ্জিভূত**	**%**	**১০০%**
২	[১.১.২] প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থীর সংখ্যা	সমষ্টি	জন (লক্ষ)	০.০৪৪৭০
৩	[১.১.৩] আশ্রয়ণ সমবায় সমিতি গঠিত	ক্রমপুঞ্জিভূত	%	১০০%
৪	[১.২.১] সমবায়ী সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান(পুরুষ)	সমষ্টি	জন (লক্ষ)	০.০২৮১৭
৫	[১.২.২] সমবায়ী সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান(মহিলা)	সমষ্টি	জন (লক্ষ)	০.০১৪১৩
৬	[২.১.১] বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত	তারিখ	তারিখ	১৪.৮.২৩
৭	[২.১.২] কেন্দ্রীয় সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটিতে এক-তৃতীয়াংশ সদস্য মনোনয়ন প্রদানকৃত	ক্রমপুঞ্জিভূত	%	১০০%
৮	[২.১.৩] মডেল সমবায় সমিতি সৃজন	সমষ্টি	সংখ্যা	৫৮
৯	[২.১.৪] জেলাভিত্তিক সমবায় সমিতির নিবন্ধন, নির্বাচন ও এজিএ কার্যক্রম পরিদর্শনকৃত	সমষ্টি	সংখ্যা	৮
১০	[২.১.৫] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	সমষ্টি	সংখ্যা	৮
১১	[২.২.১] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার	ক্রমপুঞ্জিভূত	%	১০০% (৭৩৪৬)
১২	[২.২.২] সমিতি পরিদর্শন সম্পাদিত	সমষ্টি	সংখ্যা	২১৫৩
১৩	[২.২.৩] কার্যকর সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিত	ক্রমপুঞ্জিভূত	%	৯০% (২৩০১)
১৪	[২.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত	ক্রমপুঞ্জিভূত	%	৫০% (৩৬৭৩)
১৫	[২.২.৫] সমবায় সমিতির এজিএম অনুষ্ঠিত	ক্রমপুঞ্জিভূত	%	৭০% (৫১৪২)
১৬	[.২.৬] এজিএম সম্পন্ন না হওয়া সমবায় সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহীত	ক্রমপুঞ্জিভূত	%	৯০%
১৭	[২.২.৭] কার্যকর সমিতির নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গৃহীত	সমষ্টি	সংখ্যা	৪১১৫
১৮	[২.২.৮] নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত	সমষ্টি	সংখ্যা	৪১১৫
১৯	[২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত	ক্রমপুঞ্জিভূত	%	১০০%(৩৪৪৯৯৯০)
২০	[২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত	ক্রমপুঞ্জিভূত	%	১০০%(৪১২৪৪৭৮)
২১	[৩.১.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা)	সমষ্টি	জন	৪৩২৫
২২	[৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত(পুরুষ/মহিলা)	ক্রমপুঞ্জিভূত	%	১০০%
২৩	[৩.৩.১] সেমিনার/কর্মশালা আয়োজিত	সমষ্টি	সংখ্যা	১
২৪	[৩.৪.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত	ক্রমপুঞ্জিভূত	%	১০০%

৩য় অধ্যায়

৩. সমবায় সমিতি সংক্রান্ত তথ্য

	জেলার নাম	কার্যকর সমিতির সংখ্যা	অকার্যকর সমিতির সংখ্যা	মোট সমিতির সংখ্যা	সদস্য সংখ্যা
১	রংপুর	১৩৬৯	৪৭৩	১৮৪২	১৭৭১৪৫
২	গাইবান্ধা	৯১৬	১৪৩	১০৫৯	২৩৫৭০৩
৩	কুড়িগ্রাম	৭৪৫	৬২	৮০৭	১৪০৭১৭
৪	লালমনিরহাট	৫৫১	১৯	৫৭০	৫৪৩৭৩
৫	নীলফামারী	৮০৫	২৬২	১০৬৭	৯৫১৪৩
৬	দিনাজপুর	১৪৫০	৮৪৭	২২৯৭	২৮৭১৮৭
৭	ঠাকুরগাও	১১২৪	৩০৪	১৪২৮	৬৭৩৫৫
৮	পঞ্চগড়	৬৬৪	২৩১	৮৯৫	৫৬৯৩৭
	মোট=	৭৬২৪	২৩৪১	৯৯৬৫	১১১৪৫৬০

জেলাভিত্তিক কার্যকর সমবায় সমিতির শেয়ার মুলধন,সঞ্চয় আমানত,কার্যকারী মুলধন , ঋণ বিতরণ ও আদায়

ক্রঃনং	জেলার নাম	সমিতির সংখ্যা	শেয়ার মুলধন,	সঞ্চয় আমানত	কার্যকারী মুলধন	ঋণ বিতরণ	ঋণ আদায়
১	রংপুর	১৩৬৯	২২৭৩১৩০০০০	১৬১২৫৯০০০	৭০৪৬২৯০০০	৫৮৭৯২৯০০০	১৭৩৫০৭০০০
২	গাইবান্ধা	৯১৬	৭০৩৬৬০০০	২৬৭৩৩৩০০০	৬৪৭১৩০০০০	৩২৬১৯৩০০০	৬০৫৪৩০০০
৩	কুড়িগ্রাম	৭৪৫	৬৮৯৭৮০০০	২৮৭৮৭৪০০০	৭১৮১৬৮০০০	৩৫৮২৭৪০০০	২৪১০২৬০০০
৪	লালমনিরহাট	৫৫১	৩২৩৮৯০০০	১২৭৭৭৪০০০	২৭১৩৭৭০০০	৭৯৯৮৫০০০	৬৯৫২১০০০
৫	নীলফামারী	৮০৫	৮২০৯৮০০০	২৭৪৩৯৭০০০	৭২৭৬২৪০০০	৫৫২৯২৯০০০	৩৩৪৮৪৩০০০
৬	দিনাজপুর	১৪৫০	৩৩১৪৬০০০০	৯০৬৮৭১০০০	১২৩৮৩৩১০০০	২৫০৪৩১৭০০০	২২৮১৭২৯০০০
৭	ঠাকুরগাও	১১২৪	৯২৯৬৫০০০	১৮৯৩৭২০০০	৩৪৫৫৪৭০০০	২৫৪৯৭৯০০০	৮৪৫৩০০০
৮	পঞ্চগড়	৬৬৪	৫৫৯৭০০০০	৬৮০৬৪০০০	২১৮৯৭৪০০০	১১৪১৪২০০০	৩৮৭৪৩০০০
	মোট=	৭৬২৪	৯৬১৫৩৯০০০	২২৮২৯৪৪০০০	৪৮৭১৭৮০০০০	৪৭৭৮৭৪৮০০০	৩২০৮৩৬৫০০০

৩.৭ সমিতির লভ্যাংশ বিতরণ

ক্রমিক নং	জেলার নাম	লভ্যাংশ বিতরণের লক্ষ্যমাত্রা		লভ্যাংশ বিতরণকৃত অর্থের পরিমান	
		সাধারণ	মোট	সাধারণ	মোট
১	২	৬	৭	১২	১৩
১	রংপুর	১৯১৯৪৩৮৩	১৯১৯৪৩৮৩	১৯১৯৪৩৮৩	১৯১৯৪৩৮৩
২	গাইবান্ধা	১৪৮১৬২২	১৪৮১৬২২	১৪৮১৬২২	১৪৮১৬২২
৩	কুড়িগ্রাম	৪৬৫২১৩৮	৪৬৫২১৩৮	৪৬৫২১৩৮	৪৬৫২১৩৮
৪	লালমনিরহাট	৩১৪৮৯০০	৩১৪৮৯০০	৩০৩৩৫০০	৩০৩৩৫০০
৫	নীলফামারী	২৭৫৩৬২২	২৭৫৩৬২২	১৪৫২৩৪১	১৪৫২৩৪১
৬	দিনাজপুর	২২৪৫৩৮৪১	২২৪৫৩৮৪১	২২৪৫৩৮৪১	২২৪৫৩৮৪১
৭	ঠাকুরগাও	৯০৭৯৭৫০	৯০৭৯৭৫০	৭২৮৮০৭৬	৭২৮৮০৭৬
৮	পঞ্চগড়	৩৫৭৭৬৫৭	৩৫৭৭৬৫৭	২৮৩৮৭৪৬	২৮৩৮৭৪৬
মোট=		৬৬৩৪১৯১৩	৬৬৩৪১৯১৩	৬২৩৯৪৬৪৭	৬২৩৯৪৬৪৭

৪র্থ অধ্যায়

৪. রাজস্ব আদায় , ৪.১নিরীক্ষা ফি, ৪.২ নিবন্ধন ফি , ৪.৩ অন্যান্য

ক্রমিক নং	জেলার নাম	নিরীক্ষা ফি	নিবন্ধন ফি	অন্যান্য (কোট ফি)	মোট
১	রংপুর	৮০২৪৩০	৮০৫০	০	৮১০৪৮০
২	গাইবান্ধা	১৭৪২৫০	১২৫০০	০	১৮৬৭৫০
৩	কুড়িগ্রাম	৪৯৮৯৬০	২১৭০০	০	৫২০৬৬০
৪	লালমনিরহাট	২৩১২৭০	৭২৫০	০	২৩৮৫২০
৫	নীলফামারী	৩৩৬৩৬০	১৫২০০	০	৩৫১৫৬০
৬	দিনাজপুর	৮২২২৮০	৩১৫০০	০	৮৫৩৭৮০
৭	ঠাকুরগাও	৪১৮৬৯০	৫৭৫০	০	৪২৪৪৪০
৮	পঞ্চগড়	১৩৫৭৫০	৫০০০	০	১৪০৭৫০
৯	বিভাগীয় সমবায় কার্যালয় রংপুর।			৭৩৫০	৭৩৫০
	মোট=	৩৪১৯৯৯০	১০৬৯৫০	৭৩৫০	৩৫৩৪২৯০

৫ম অধ্যায়

৫.সমবায় উন্নয়ন তহবিল

ক্রমিক নং	জেলার নাম	আদায়যোগ্য সিডিএফ এর পরিমাণ			আদায়কৃত সিডিএফ এর পরিমাণ			আদায়ের হার
		কেন্দ্রীয়	প্রাথমিক	মোট	কেন্দ্রীয়	প্রাথমিক	মোট	
১	রংপুর	৫০২২৮	৮৭৮১২১	৯২৮৩৪৯	২৮৪৯৮	৮৭৮১২১	৯০৬৬১৯	৯৮%
২	গাইবান্ধা	৮২৭১	১০৮৮৪৪	১১৭১১৫	৮২৭১	৮২৮০৮	৯১০৭৯	৮৮%
৩	কুড়িগ্রাম	৪৮৪৫	৫৩৪০০৩	৫৩৮৮৪৮	৪৮৪৫	৫৩৪০০৩	৫৩৮৮৪৮	১০০%
৪	লালমনিরহাট	৫৪৫৫	২২৬০৫০	২৩১৫০৫	৫৪৫৫	২২৬০৫০	২৩১৫০৫	১০০%
৫	নীলফামারী	১০২২৩	২১২৩৯৯	২২২৬২২	১০২২৩	২১২৩৯৯	২২২৬২২	১০০%
৬	দিনাজপুর	১৬০৪৭	১৫৪২২০২	১৫৫৮২৪৯	১৬০৪৭	১৫৪২২০২	১৫৫৮২৪৯	১০০%
৭	ঠাকুরগাঁও	২০৬৬	৪১৭৮৩৬	৪১৯৯০২	২০৬৬	৪১৭৮৩৬	৪১৯৯০২	১০০%
৮	পঞ্চগড়	০	১০৭৮৮৯	১০৭৮৮৯	০	১০৭৮৮৯	১০৭৮৮৯	১০০%
	মোট=	৯৭১৩৫	৪০২৭৩৪৪	৪১২৪৪৭৯	৭৫৪০৫	৪০০১৩০৮	৪০৭৬৭১৩	৯৬%

৬ষ্ঠ অধ্যায়

৬. বিভাগীয় পর্যায়ে জাতীয় সমবায় পুরস্কার ২০২২ এর মনোনয়নের তালিকা

সমিতির শ্রেণি	মনোনীত সমবায় সমিতির নাম ও ঠিকানা	জেলার নাম
(শ্রেণি ০১) কৃষি ভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন	মাঝিপাড়া কৃষি খামার ক্ষুদ্র চা-চাষি সমবায় সমিতি লি:	পঞ্চগড়
(শ্রেণি ০২) সঞ্চয় ও ঋণদান/ ক্রেডিট	বোচাগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষক কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:	দিনাজপুর
(শ্রেণি ০৩) দুগ্ধ সমবায়	বড়বিল ঠাকুড়াদহ দুগ্ধ ও মাংস উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ	রংপুর
(শ্রেণি ০৪) মহিলা সমবায়	নীলফামারী সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতি লিঃ	নীলফামারী
(শ্রেণি ৫) বহুমুখী সমবায়	ঝলঝলি বহুমুখী সমবায় সমিতি লি:	দিনাজপুর
(শ্রেণি০৬) মৎস্য সমবায়	জামাদারগছ মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ	পঞ্চগড়
(শ্রেণি ০৭) মুক্তিযোদ্ধা সমবায়	বোচাগঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা সমবায় সমিতি লি:	দিনাজপুর
(শ্রেণি ০৮) বিত্তহীন ভূমিহীন সমবায়	উত্তরগাঁও সীতাদিঘী গুচ্ছগ্রাম বিত্তহীন সমবায় সমিতি লিঃ	ঠাকুরগাঁও
(শ্রেণি ০৯) যুব,বিশেষ শ্রেনী, তাঁতীসহ অন্যান্য পেশাভিত্তিক সমবায়	গ্রামীণ বনিক সমবায় সমিতি লিঃ	ঠাকুরগাঁও
(শ্রেণি ১০) কর্মকর্তা/কর্মচারী, পরিবনহন শ্রমকি কর্মচারী সমবায়	পঞ্চগড় সরকারি কর্মকর্তা কল্যাণ সমবায় সমিতি লিঃ	পঞ্চগড়

৬.১ রংপুর বিভাগাধীন জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তদের তালিকা

ক্রঃ নং	শ্রেণী	সমবায় সমিতি/ সমবায়ীর নাম ও ঠিকানা	পুরস্কারের বছর
১	কর্মকর্তা/কর্মচারী, পরিবহণ শ্রমিক সমবায়	কুড়িগ্রাম জেলা মটর শ্রমিক সমবায় সমিতি লিঃ জেলা: কুড়িগ্রাম।	২০১২
২	যুব, বিশেষ শ্রেণী, তাঁতীসহ অন্যান্য সমবায়	ইউনাইটেড কো-অপারেটিভ সোসাইটি লি: উপজেলা: দিনাজপুর সদর, জেলা: দিনাজপুর।	২০১৩
৩	মহিলা সমবায়	নারী সমবায় সমিতি লিঃ গ্রাম-রামদাশ ধণীরাম, ডাকঘর-উলিপুর, উলিপুর, কুড়িগ্রাম।	২০১৪
৪	মুক্তিযোদ্ধা সমবায়	ফুলবাড়ী নাগেশ্বরী কুড়িগ্রাম সদর যুদ্ধাহত পঙ্গু ও শহীদ পরিবার মুক্তিযোদ্ধা সমবায় সমিতি লিঃ ফুলবাড়ী, কুড়িগ্রাম।	২০১৫
৫	সঞ্চয় ও ঋণদান সমবায়	মোহাম্মদ আলী জিন্নাহ্ রংপুর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ গ্রামঃ ডাক্তার পাড়া, ডাকঃ হারাগাছ, উপজেলাঃ কাউনিয়া, জেলাঃ রংপুর।	২০১৫
৬	বিত্তহীন, ভূমিহীন সমবায়	পীরপুকুর গুচ্ছগ্রাম সমবায় সমিতি লিঃ গ্রামঃ পীরপুকুর গুচ্ছগ্রাম ডাকঃ ধীরগঞ্জ হাট উপজেলা: হরিপুর, জেলা: ঠাকুরগাঁও।	২০১৬
৭	মৎস্য সমবায়	অর্নিবাণ মৎস্যচাষী সঃ সঃ লিঃ গ্রাম: দক্ষিণ খলেয়া, (গঞ্জিপুর বাজার), ডাক: খলেয়া উপজেলা: গংগাচড়া, জেলা: রংপুর।	২০১৭

বিভাগ সৃজনের পুর্বে

ক্রঃ নং	শ্রেণী	সমবায় সমিতি/ সমবায়ীর নাম ও ঠিকানা	পুরস্কারের বছর
১	বহুমুখী সমবায়	বেগম রহিমা চৌধুরী সদস্য, মুন্সীর হাট মহিলা প্রশিক্ষণকর্মী বহুমুখী সমবায় সমিতি লিঃ গ্রামঃ হাজীপাড়া, ডাকঘরঃ ঠাকুরগাঁও রোড, জেলাঃ ঠাকুরগাঁও ।	২০০৮
২	কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন	জনাব মোঃ জহুরুল হক ম্যানেজার, কোচাশহর উত্তর পাড়া আর্দশ কৃষক সম: স: লিঃ গ্রাম+ডাক কোচাশহর, উপ: গোবিন্দগঞ্জ, জেলাঃ গাইবান্ধা।	২০০৮
৩	মুক্তিযোদ্ধা সমবায়	বিরল থানা মুক্তিযোদ্ধা হাঁস-মুরগী ও পশু পালন খামার স:স: লিঃ গ্রামঃ শংকরপুর, ডাকঘর+ উপজেলাঃ বিরল জেলাঃ দিনাজপুর।	২০০৮
৪	বহুমুখী সমবায়	বিকাশ এমসিএস সমিতি লিঃ উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।	২০১০
৫	বিশেষ	সিও বাজার ক্ষুদ্র ব্যবসায়ী কল্যাণ সমবায় সমিতি লিঃ উপজেলা: রংপুর সদর, জেলা: রংপুর।	২০১০

৭ম অধ্যায়

৭.প্রশিক্ষণ

৭.১ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট

ক্রঃনং	কোর্সের নাম	প্রশিক্ষণ অনুষ্ঠানের তারিখ	অংশগ্রহণকারীর সংখ্যা
১.	আইজিএ গাভী পালন (রাজস্ব)	০৪/০৯/২০২২ খ্রি. হতে ০৮/০৯/২০২২ খ্রি.	২৫ জন
২.	আইজিএ মৎস্য চাষ (রাজস্ব)	০৪/০৯/২০২২ খ্রি. হতে ০৮/০৯/২০২২ খ্রি.	২৫ জন
৩.	আইজিএ গাভী পালন (রাজস্ব)	১৮/০৯/২০২২ খ্রি. হতে ২২/০৯/২০২২ খ্রি.	২৫ জন
৪.	আইজিএ ব্লক বাটিক (রাজস্ব)	১৮/০৯/২০২২ খ্রি. হতে ২৯/০৯/২০২২ খ্রি.	২৫ জন
৫.	আইজিএ মৎস্য চাষ (রাজস্ব)	২৫/০৯/২০২২ খ্রি. হতে ২৯/০৯/২০২২ খ্রি.	২৫ জন
৬.	আইজিএ মৌমাছি চাষ (রাজস্ব)	১৩/১১/২০২২ খ্রি. হতে ১৭/১১/২০২২ খ্রি.	২৫ জন
৭.	আইজিএ বাড়ির আঙ্গিনায় সবজি চাষ (রাজস্ব)	১৩/১১/২০২২ খ্রি. হতে ১৭/১১/২০২২ খ্রি.	২৫ জন
৮.	আধুনিক অফিস ব্যবস্থাপনা (রাজস্ব)	২৭/১১/২০২২ খ্রি. হতে ০১/১২/২০২২ খ্রি.	২৫ জন
৯.	সমবায় অডিটিং (রাজস্ব)	২৭/১১/২০২২ খ্রি. হতে ০৮/১২/২০২২ খ্রি.	২৫ জন
১০.	স্টাফ উন্নয়ন (রাজস্ব)	০৪/১২/২০২২ খ্রি. হতে ০৮/১২/২০২২ খ্রি.	২৫ জন
১১.	আইজিএ কম্পিউটার (রাজস্ব)	০১/০১/২০২৩ খ্রি. হতে ১২/০১/২০২৩ খ্রি.	২৫ জন
১২.	আইজিএ সেলাই (রাজস্ব)	০১/০১/২০২৩ খ্রি. হতে ২১/০১/২০২৩ খ্রি.	২৫ জন
১৩.	আইজিএ কম্পিউটার (রাজস্ব)	১৩/০১/২০২৩ খ্রি. হতে ২৪/০১/২০২৩ খ্রি.	২৫ জন
১৪.	কম্পিউটার (রাজস্ব)	০৫/০২/২০২৩ খ্রি. হতে ১৬/০২/২০২৩ খ্রি.	২৫ জন
১৫.	সমবায় অডিটিং (রাজস্ব)	০৫/০২/২০২৩ খ্রি. হতে ১৬/০২/২০২৩ খ্রি.	২৫ জন
১৬.	স্টাফ উন্নয়ন (রাজস্ব)	১৯/০২/২০২৩ খ্রি. হতে ২৩/০২/২০২৩ খ্রি.	২৫ জন
১৭.	আইজিএ ব্লক বাটিক (রাজস্ব)	০৯/০৩/২০২৩ খ্রি. হতে ২০/০৩/২০২৩ খ্রি.	২৫ জন
১৮.	হিসাব ও নিরীক্ষা (সিডিএফ)	২৩/১০/২০২২ খ্রি. হতে ২৭/১০/২০২২ খ্রি.	২৫ জন
১৯.	সমিতি ব্যবস্থাপনা (সিডিএফ)	২৩/১০/২০২২ খ্রি. হতে ২৭/১০/২০২২ খ্রি.	২৫ জন
২০.	সমিতি ব্যবস্থাপনা (সিডিএফ)	০৯/০৩/২০২৩ খ্রি. হতে ১৩/০৩/২০২৩ খ্রি.	২৫ জন
২১.	হিসাব ও নিরীক্ষা (সিডিএফ)	১৬/০৩/২০২৩ খ্রি. হতে ২০/০৩/২০২৩ খ্রি.	২৫ জন
২২.	সমিতি ব্যবস্থাপনা (সিডিএফ)	১৪/০৫/২০২৩ খ্রি. হতে ১৮/০৫/২০২৩ খ্রি.	২৫ জন
২৩.	আইজিএ গাভী পালন (রাজস্ব)	০৪/০৯/২০২২ খ্রি. হতে ০৮/০৯/২০২২ খ্রি.	২৫ জন
২৪.	আইজিএ মৎস্য চাষ (রাজস্ব)	০৪/০৯/২০২২ খ্রি. হতে ০৮/০৯/২০২২ খ্রি.	২৫ জন
২৫.	আইজিএ গাভী পালন (রাজস্ব)	১৮/০৯/২০২২ খ্রি. হতে ২২/০৯/২০২২ খ্রি.	২৫ জন
২৬.	আইজিএ ব্লক বাটিক (রাজস্ব)	১৮/০৯/২০২২ খ্রি. হতে ২৯/০৯/২০২২ খ্রি.	২৫ জন
২৭.	আইজিএ মৎস্য চাষ (রাজস্ব)	২৫/০৯/২০২২ খ্রি. হতে ২৯/০৯/২০২২ খ্রি.	২৫ জন
২৮.	আইজিএ মৌমাছি চাষ (রাজস্ব)	১৩/১১/২০২২ খ্রি. হতে ১৭/১১/২০২২ খ্রি.	২৫ জন
২৯.	আইজিএ বাড়ির আঙ্গিনায় সবজি চাষ (রাজস্ব)	১৩/১১/২০২২ খ্রি. হতে ১৭/১১/২০২২ খ্রি.	২৫ জন
৩০.	আধুনিক অফিস ব্যবস্থাপনা (রাজস্ব)	২৭/১১/২০২২ খ্রি. হতে ০১/১২/২০২২ খ্রি.	২৫ জন
৩১.	সমবায় অডিটিং (রাজস্ব)	২৭/১১/২০২২ খ্রি. হতে ০৮/১২/২০২২ খ্রি.	২৫ জন
			৭৭৫

৭.২. ভ্রাম্যমান প্রশিক্ষণ

ক্রঃনং	জেলার নাম	**ভ্রাম্যমান প্রশিক্ষণ** কোর্স	পুরুষ	মহিলা	মোট
১।	রংপুর	১৬	২৮০	১২০	৪০০
২।	গাইবান্ধা	১৪	২৬৮	৮২	৩৫০
৩।	নীলফামারী	১২	২৩০	৭০	৩০০
৪।	লালমনিরহাট	১০	১৮৩	৬৭	২৫০
৫।	দিনাজপুর	২৬	৪৬৯	১৮১	৬৫০
৬।	কুড়িগ্রাম	১৮	৩৩২	১১৮	৪৫০
৭।	ঠাকুরগাঁও	১০	২০৯	৪১	২৫০
৮।	পঞ্চগড়	১০	১৮৭	৬৩	২৫০
	মোটঃ	১১৬	২১৫৮	৭৪২	২৯০০

৮ম অধ্যায়

৮. প্রকল্প

৮.১. “দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গংগাচড়া উপজেলায় ডেইরী সমবায়ের র্কাযক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প

ক্রমিকনং	আওতাভুক্ত জেলা	উপজেলা	সমিতি	বিতারণকৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা	আদায়কৃত ঋণ লক্ষ টাকা	আদায়ের হার
১	রংপুর	১	৩৮	২৬৭৮.২০	৫২৯.৮৭	২২%
	মোট	১	৩৮	২৬৭৮.২০	৫২৯.৮৭	২২%

